रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD

सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती

CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	05/11/2026
Test Time	12:30 PM - 1:30 PM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 **A ও B হল এমন দু'টি কোণ যাতে $0 < B < A < \frac{\pi}{2}$ হয়। যদি $\tan(A+B) = \sqrt{3}$ হয় এবং $\cos(A-B) = \frac{\sqrt{3}}{2}$ হয়, তাহলে $4\cos^2 A + 9\tan^2 2B$ এর মান কত?**

Ans
- ✗ A. 7.5
- ✓ B. 5
- ✗ C. 6
- ✗ D. 8.2

Q.2 **একজন কর্মী একটি ভারকে ধ্রুবক দ্রুতিতে উল্লম্বভাবে উপরের দিকে তোলার জন্য একটি পুলি সিস্টেম ব্যবহার করেন। যদি প্রযুক্ত বল বা প্রচেষ্টা 100 N এবং ভার বা লোড 200 N হয়, তাহলে নিচের কোন বিবৃতিটি সিস্টেমটিকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?**

Ans
- ✓ A. সিস্টেমটির যান্ত্রিক সুবিধা হল দুই
- ✗ B. সিস্টেমটির যান্ত্রিক সুবিধা হল এক
- ✗ C. প্রযুক্ত বল বা প্রচেষ্টা, ভার বা লোডের চেয়ে বেশি
- ✗ D. সিস্টেমটি একটি আদর্শ যন্ত্র

Q.3 **যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ 'x' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '-' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?**
48 A 3 C 7 B 2 D 18 = ?

Ans
- ✗ A. 10
- ✗ B. 7
- ✓ C. 12
- ✗ D. 4

Q.4 **বিবেক A বিন্দু থেকে যাত্রা শুরু করে উত্তর দিকে 8 km গাড়ি চালায়। এরপর সে বাম দিকে বাঁক নিয়ে 15 km, আবার বাম দিকে বাঁক নিয়ে 10 km গাড়ি চালায়। তারপর সে আবার বাম দিকে বাঁক নিয়ে 18 km গাড়ি চালায়। সবশেষে সে বাম দিকে বাঁক নিয়ে 2 km গাড়ি চালিয়ে P বিন্দুতে থামে। পুনরায় A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)**

Ans
- ✓ A. 3 km পশ্চিমে
- ✗ B. 6 km পশ্চিমে
- ✗ C. 6 km পূর্বে
- ✗ D. 8 km পূর্বে

Q.5 নিষেক সম্পন্ন হওয়ার পর ফুলের গর্ভাশয় কীসে রূপান্তরিত হয়?

Ans

✔ A. ফল

✘ B. জাইগোট

✘ C. বীজ

✘ D. বীজত্বক

Q.6 YVYU ইংরেজি বর্ণানুক্রম ভিত্তিক একটি নির্দিষ্ট পদ্ধতিতে SPSO এর সাথে সম্পর্কিত। একইভাবে OLOK সম্পর্কিত IFIE এর সাথে। একই যুক্তি অনুসরণ করে RORN প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটির সাথে সম্পর্কিত?

Ans

✘ A. LIKH

✘ B. LHKH

✘ C. LJKN

✔ D. LILH

Q.7 একজন শিক্ষার্থী 20 kg একটি ভরের বাক্সকে 5 সেকেন্ডে 2 মিটার উচ্চতায় থাকা একটি তাকে তোলে। শিক্ষার্থীর দ্বারা উৎপাদিত ক্ষমতা কত? (ধরুন g = 10 m/s^2)

Ans

✘ A. 100 ওয়াট

✔ B. 80 ওয়াট

✘ C. 40 ওয়াট

✘ D. 200 ওয়াট

Q.8 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন: পাঁচজন শিক্ষার্থী—আবীর, চারভি, ধ্রুবিকা, ঈশান এবং ফারাহ—ভিন্ন ভিন্ন নম্বর পেয়েছে। কে সর্বোচ্চ নম্বর পেয়েছে?

(I) ঈশান পেয়েছে ধ্রুবিকার চেয়ে বেশি নম্বর এবং ধ্রুবিকা পেয়েছে চারভির চেয়ে বেশি নম্বর।
(II) ফারাহ পেয়েছে ঈশানের চেয়ে কম কিন্তু আবীরের চেয়ে বেশি নম্বর এবং আবীর পেয়েছে ধ্রুবিকার চেয়ে বেশি নম্বর।

Ans

✔ A. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।

✘ B. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

✘ C. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

✘ D. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.9 ABCD একটি বর্গক্ষেত্র। AB বাহুর দিকে অবস্থিত একটি বহিস্থ বিন্দু M, একটি সমবাহু ত্রিভুজ MAB গঠন করলে, $\angle AMD + \frac{1}{3}\angle MCD$ এর মান কত?

Ans

✘ A. 50°

✘ B. 60°

✘ C. 45°

✔ D. 40°

Q.10 নিচের কোন বিবৃতিটি শ্রবণযোগ্য, শব্দেতর বা ইনফ্রাসোনিক এবং আলট্রাসোনিক শব্দের মধ্যে সঠিকভাবে পার্থক্য করে?

Ans

✔ A. শ্রবণযোগ্য শব্দের কম্পাঙ্ক 20 Hz থেকে 20,000 Hz এর মধ্যে, শব্দেতর শব্দের কম্পাঙ্ক 20 Hz এর নিচে এবং আলট্রাসোনিক শব্দের কম্পাঙ্ক 20,000 Hz এর উপরে

✘ B. শ্রবণযোগ্য, শব্দেতর এবং আলট্রাসোনিক শব্দ সবগুলোর কম্পাঙ্কের পরিসর একই, কিন্তু এদের প্রাবল্যমাত্রায় ভিন্নতা রয়েছে

✘ C. শ্রবণযোগ্য শব্দের কম্পাঙ্ক 20 Hz থেকে 20,000 Hz এর মধ্যে, শব্দেতর শব্দের কম্পাঙ্ক 20,000 Hz এর উপরে এবং আলট্রাসোনিক শব্দের কম্পাঙ্ক 20 Hz এর নিচে

✘ D. শ্রবণযোগ্য শব্দের কম্পাঙ্ক 20 Hz এর নিচে, শব্দেতর শব্দের কম্পাঙ্ক 20 Hz থেকে 20,000 Hz এর মধ্যে এবং আলট্রাসোনিক শব্দের কম্পাঙ্ক 20,000 Hz এর উপরে

Q.11 একটি কারখানায় পাঁচজন শ্রমিকের মাসিক বেতন (₹ তে) যথাক্রমে ₹12,000, ₹15,000, ₹18,000, ₹17,000, এবং ₹16,000 হয়। তাদের বেতনের সমান্তরীয় মধ্যক নির্ণয় করুন।

Ans
- ✗ A. ₹17,200
- ✗ B. ₹18,000
- ✗ C. ₹16,500
- ✓ D. ₹15,600

Q.12 একজন ব্যক্তি বার্ষিক 12% সরল সুদের হারে 2 বছরের জন্য ₹56,000 মূলধন বিনিয়োগ করলে, 2 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন তা নির্ণয় করুন।

Ans
- ✗ A. 66,440
- ✓ B. 69,440
- ✗ C. 67,440
- ✗ D. 68,440

Q.13 একটি গাড়ির রেডিয়েটারে 71% অ্যান্টিফ্রিজ দ্রবণ থাকতে হবে। একজন মোটরচালকের কাছে 15 লিটার পরিমাণ 27% অ্যান্টিফ্রিজ দ্রবণ আছে। তার কাছে থাকা দ্রবণে কত লিটার পরিমাণ 92% অ্যান্টিফ্রিজ তরল যোগ করলে 71% অ্যান্টিফ্রিজ দ্রবণ পাওয়া যাবে? (2 দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

Ans
- ✗ A. 33.99
- ✓ B. 31.43
- ✗ C. 27.86
- ✗ D. 32.46

Q.14 একটি দোকান ₹900 দামের প্রতিটি শার্টের উপর 'একটি কিনুন, দু'টি বিনামূল্যে পান' অফার দিচ্ছে। যদি কোনো গ্রাহক এই অফারের অধীনে তিনটি শার্ট কেনেন, তাহলে প্রতিটি শার্টের কার্যকর দাম কত হবে?

Ans
- ✗ A. ₹450
- ✗ B. ₹600
- ✓ C. ₹300
- ✗ D. ₹900

Q.15 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
MGG 9 KIJ -4 IKM -17 GMP -30 ?

Ans
- ✗ A. GYT -41
- ✗ B. JIU -34
- ✗ C. KJU -44
- ✓ D. EOS -43

Q.16 যদি A এবং B এর বেতনের অনুপাত 3:2 হয় এবং A প্রতি মাসে ₹18,000 আয় করে, তাহলে B এর মাসিক বেতন কত?

Ans
- ✗ A. ₹15,000
- ✗ B. ₹10,000
- ✗ C. ₹9,000
- ✓ D. ₹12,000

Q.17 সৌরভ পয়েন্ট A থেকে শুরু করে দক্ষিণ দিকে 40 km গাড়ি চালায়। তারপর সে ডানদিকে বাঁক নেয়, 58 km গাড়ি চালায়। তারপর ডানদিকে বাঁক নেয় এবং 69 km গাড়ি চালায়। তারপর সে ডান দিকে বাঁক নেয় এবং 79 km গাড়ি চালায়। সে শেষবার ডানদিকে বাঁক নেয়, 29 km গাড়ি চালায় এবং পয়েন্ট P তে থামে। আবার পয়েন্ট A তে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✗ A. পূর্ব দিকে 23 km
- ✓ B. পশ্চিম দিকে 21 km
- ✗ C. পূর্ব দিকে 24 km
- ✗ D. পশ্চিম দিকে 20 km

blackbook

Q.18 △ABC তে, D বিন্দুতে BD ⊥ AC হয় এবং ∠DBC = 53° হয়। BC এর ওপর E এমন একটি বিন্দু যে ∠CAE = 58° হয়। তবে, ∠AEB এর মান কত?

Ans

✔ A. 95°

✘ B. 87°

✘ C. 81°

✘ D. 109°

Q.19 KNIFERS শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হ'ল। এভাবে গঠিত নতুন বর্ণ-গুচ্ছটিতে বামদিক থেকে চতুর্থ স্থানে এবং ডানদিক থেকে প্রথম স্থানে যে বর্ণগুলি থাকবে, ইংরাজি বর্ণমালায় সেই বর্ণগুলির মাঝে কতগুলি বর্ণ আছে?

Ans

✘ A. 3

✔ B. 7

✘ C. 9

✘ D. 6

Q.20 একটি পরীক্ষায় A, B, C, D এবং E ভিন্ন ভিন্ন নম্বর পেয়েছে। E কেবল 1 জনের চেয়ে কম নম্বর পেয়েছে। A এর প্রাপ্ত নম্বর B এর চেয়ে বেশি কিন্তু D এর চেয়ে কম। B সবচেয়ে কম নম্বর পায়নি। কে সবচেয়ে কম নম্বর পেয়েছে?

Ans

✔ A. C

✘ B. E

✘ C. B

✘ D. A

Q.21 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?

YUW 12, TPR 18, OKM 24, JFH 30, ?

Ans

✘ A. FAC 36

✘ B. EAD 34

✔ C. EAC 36

✘ D. EBD 34

Q.22 মান নির্ণয় করুন।

$$\sec A + \sin A(1+\tan A) + \cos A(1+\cot A) - \sqrt{1+\cot^2 A} + 1$$

Ans

✘ A. $2\sec^2 A - 1$

✘ B. $\cos A + \operatorname{cosec} A$

✘ C. $\sec A + \sin A$

✔ D. $2\sec A + 1$

Q.23 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

333 − 84 × 4 ÷ 2 + 308 = ?

Ans

✘ A. 62

✘ B. 65

✘ C. 60

✔ D. 67

Q.24 প্রদত্ত ক্রমে, প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

4 16 29 43 58 ?

Ans

✘ A. 77

✘ B. 75

✘ C. 70

✔ D. 74

Black Book

Q.25 কোনটি অ্যালডিহাইড গ্রুপের অন্তর্গত?

Ans

✔ A. CH_3CHO

✗ B. CH_3CH_2OH

✗ C. HCOOH

✗ D. CH_3COOH

Q.26 8 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 40 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 12 সম্পর্কিত 60 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 26 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans

✗ A. 120

✗ B. 140

✗ C. 150

✔ D. 130

Q.27 F, G, H, M, N এবং O একটি বিল্ডিংয়ের ছ'টি ভিন্ন ফ্লোরে বাস করে। বিল্ডিংয়ের সবচেয়ে নিচের ফ্লোরটিকে 1 নম্বর, তার ঠিক উপরের ফ্লোরটিকে 2 নম্বর এবং এই ক্রমে সর্বোচ্চ ফ্লোরটিকে 6 নম্বর দ্বারা চিহ্নিত করা হয়।
কেবল দুজন F এবং N এর মাঝে বাস করে। কেবল দুজন M এবং H এর মাঝে বাস করে। M এর উপরে কেউ বাস করে না। N বাস করে H এর নিচে কিন্তু O এর উপরে।
G কোন ফ্লোরে বাস করে?

Ans

✗ A. 3 নম্বর ফ্লোর

✗ B. 5 নম্বর ফ্লোর

✗ C. 2 নম্বর ফ্লোর

✔ D. 4 নম্বর ফ্লোর

Q.28 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
UST : WPV
YMX : AJZ

Ans

✔ A. CGB : EDD

✗ B. AYM : DWP

✗ C. HAM : KXP

✗ D. TKY : WGB

Q.29 প্রদত্ত দু'টি সংখ্যা-সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
17 - 34 - 170 - 180
43 - 86 - 430 - 440

Ans

✗ A. 33 - 66 - 528 - 538

✗ B. 41 - 123 - 738 - 748

✗ C. 38 - 43 - 258 - 269

✔ D. 40 - 80 - 400 - 410

Q.30 সাতজন ব্যক্তি E, F, G, H, W, X এবং Y একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে, টেবিলটির কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। Y বসে আছে W এর ঠিক ডানদিকে। H বসে আছে E এর ঠিক বামদিকে। F বসে আছে E এর ডানদিকে দ্বিতীয় স্থানে। G বসে আছে Y এর বামদিকে তৃতীয় স্থানে। X এর ডানদিকে দ্বিতীয় স্থানে কে বসে আছে?

Ans
- ✔ A. E
- ✘ B. F
- ✘ C. G
- ✘ D. H

Q.31 একজন দোকানদার মোট ₹18,000 ব্যয় করে ছয়টি অনুরূপ মোবাইল ফোন কেনেন। সেগুলোর মধ্যে দু'টি মোবাইলকে তিনি মোট ₹18,000 মূল্যে বিক্রি করলেন। মোবাইল দু'টি বিক্রি করে তাঁর কত শতাংশ লাভ হয়?

Ans
- ✘ A. 100%
- ✘ B. 250%
- ✔ C. 200%
- ✘ D. 150%

Q.32 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
SEA CAZ LOT HAT
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার পরবর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের বর্ণটি দিয়ে প্রতিস্থাপন করা হয়। এভাবে গঠিত বর্ণ-গুচ্ছগুলোর মধ্যে কতগুলিতে কোনো স্বরবর্ণ (vowel) থাকবে না?

Ans
- ✘ A. তিন
- ✘ B. এক
- ✘ C. দুই
- ✔ D. চার

Q.33 একটি কল একটি ট্যাঙ্ককে 6 ঘন্টায় ভর্তি করে। আরেকটি কল ভর্তি ট্যাঙ্কটিকে 15 ঘন্টায় খালি করে। ট্যাঙ্কটি শুরুতে খালি ছিল এবং দু'টি কলকে একসাথে চালু করা হয়। ট্যাঙ্কটির অর্ধেক অংশ ভর্তি হতে কত সময় (ঘন্টায়) লাগবে?

Ans
- ✘ A. 15
- ✔ B. 5
- ✘ C. 10
- ✘ D. 30

Q.34 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন + 4 9 5 8 7 2 @ % $

সংকেত E R G P Q A B K T V

শর্তাবলি:

(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে চতুর্থ এবং পঞ্চম উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
+ 4 9 5 8

Ans
- ✔ A. QRGPE
- ✘ B. ERGPQ
- ✘ C. ERGPK
- ✘ D. PRGPQ

Black

Q.35 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
842 974 121 352 465
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)

বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্কটি, ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্কের সঙ্গে যোগ করলে যোগফল কত হবে?

Ans
- ✗ A. 6
- ✗ B. 5
- ✗ C. 10
- ✓ D. 8

Q.36 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
216 176 140 108 80 ?

Ans
- ✓ A. 56
- ✗ B. 62
- ✗ C. 61
- ✗ D. 58

Q.37 9 দ্বারা বিভাজ্য 72979 এর নিকটতম পূর্ণসংখ্যা কোনটি?

Ans
- ✓ A. 72981
- ✗ B. 72980
- ✗ C. 72977
- ✗ D. 72978

Q.38 একটি সোডিয়াম পরমাণু একটি ইলেকট্রন বর্জন করলে, এটি _____ এ পরিণত হয়।

Ans
- ✗ A. একটি ঋণাত্মক আধানযুক্ত সোডিয়াম আয়ন
- ✗ B. একটি নিস্তড়িৎ সোডিয়াম পরমাণু
- ✗ C. একটি সোডিয়াম অণু
- ✓ D. একটি ধনাত্মক আধানযুক্ত সোডিয়াম আয়ন

Q.39 24 একটি নির্দিষ্ট যুক্তি অনুসরণ করে 140 এর সাথে সম্পর্কিত। একই যুক্তি অনুসরণ করে 17 সম্পর্কিত 91 এর সাথে। একই যুক্তি অনুসরণ করে 26 নিম্নলিখিত কোনটির সাথে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✓ A. 154
- ✗ B. 153
- ✗ C. 148
- ✗ D. 160

Q.40 একটি মোবাইল ফোনের প্রকৃত দামের থেকে 20% দাম বৃদ্ধি করে যদি সেটি ₹12,000 তে বিক্রি করা হয়, তাহলে এর প্রকৃত দাম কত?

Ans
- ✗ A. ₹11,500
- ✓ B. ₹10,000
- ✗ C. ₹11,000
- ✗ D. ₹9,000

Q.41 শিবরাজের বয়স তার ছেলের বয়সের তিনগুণ এবং তার মেয়ে, তার ছেলের চেয়ে 3 বছরের ছোট। যদি 3 বছর আগে এই তিনজনের বয়সের সমষ্টি 103 বছর হয়ে থাকে, তাহলে শিবরাজের বর্তমান বয়স (বছরে) কত?

Ans
- ✗ A. 68
- ✗ B. 55
- ✗ C. 61
- ✓ D. 69

Black book

Q.42 একটি খেলনা ₹180 তে বিক্রি করে 20% লাভ হয়। খেলনাটির ক্রয়মূল্য কত?

Ans
✔ A. ₹150
✘ B. ₹140
✘ C. ₹160
✘ D. ₹170

Q.43 P, Q, R, S, T, U এবং V এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। শুক্রবার P এর পরীক্ষা আছে। P এবং T এর মাঝে শুধুমাত্র একজন ব্যক্তির পরীক্ষা আছে। R এর পরীক্ষা Q এর ঠিক আগের দিন কিন্তু সোমবার নয়। U এর পরীক্ষা S এর ঠিক পরের দিন কিন্তু রবিবার নয়। V এর পরীক্ষা T এর ঠিক পরের দিন। T এর আগে কতজন ব্যক্তির পরীক্ষা আছে?

Ans
✘ A. একজনেরও নয়
✔ B. দু'জনের
✘ C. তিনজনের
✘ D. একজনের

Q.44 SLACKEN শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
✘ A. এক
✘ B. দুই
✘ C. তিন
✔ D. শূন্য

Q.45 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।
সংখ্যা/ চিহ্ন 7 ! + * @ % # 4 3 6
সংকেত UYQGE OZHCT
শর্তাবলি:
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
7 ! + * @

Ans
✘ A. UYOGE
✘ B. OYQGE
✔ C. UYQGE
✘ D. UZQGE

Q.46 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) ও (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
5টি দণ্ড A, W, V, G এবং E এর প্রতিটি ভিন্ন উচ্চতা বিশিষ্ট, কোন দণ্ডটি সবচেয়ে খাটো?
(I) E হল W থেকে খাটো। G হল A থেকে খাটো।
(II) G হল E থেকে লম্বা।

Ans
✘ A. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
✘ B. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট (এককভাবে বিবৃতি I বা এককভাবে বিবৃতি II প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়)।
✘ C. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
✔ D. বিবৃতি I এবং বিবৃতি II উভয় বিবৃতিতে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

Q.47 যদি $69^{0.63} = x$, $69^{0.6} = y$ এবং $x^z = y^2$ হয়, তাহলে z এর মান কত?

Ans

✗ A. 3.7

✗ B. 1.3

✓ C. 1.9

✗ D. 3.4

Q.48 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 147 459 582 456 193 (ডানদিক)
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
দ্রষ্টব্য: সকল কার্যক্রম বামদিক থেকে ডানদিকে সম্পাদন করতে হবে।

বৃহত্তম সংখ্যাটির তৃতীয় অঙ্কের সাথে ক্ষুদ্রতম সংখ্যাটির দ্বিতীয় অঙ্ক যোগ করলে ফলাফল কী হবে?

Ans

✗ A. 4

✗ B. 8

✓ C. 6

✗ D. 2

Q.49 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans

✗ A. RMH

✗ B. EZU

✗ C. SNI

✓ D. XSD

Q.50 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) C G # E A @ $ R & U Ω T £ D J Y (ডানদিক)
যদি ক্রমটি থেকে সকল চিহ্নকে বাদ দেওয়া হয়, তাহলে নিচের কোনটি বামদিক থেকে চতুর্থ স্থানে থাকবে?

Ans

✗ A. C

✗ B. Y

✓ C. A

✗ D. D

Q.51 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
7 B 4 D 12 A 6 C 12 = ?

Ans

✗ A. 40

✗ B. 36

✓ C. 38

✗ D. 42

Q.52 যদি বার্ষিক 5% চক্রবৃদ্ধি সুদের হারে (বার্ষিক দেয়) 2 বছরের জন্য ₹2000 বিনিয়োগ করা হয়, তাহলে 2 বছরের শেষে অর্জিত চক্রবৃদ্ধি সুদ কত হবে?

Ans

✗ A. ₹200

✓ B. ₹205

✗ C. ₹190

✗ D. ₹210

blackbook

Q.53 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) P W U T K B R E T W R O N E L A U J J U T L (ডানদিক)
এরকম কতগুলি স্বরবর্ণ (vowel) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে এবং ঠিক পরেও একটি ব্যঞ্জনবর্ণ আছে?

Ans
✗ A. 7
✗ B. 6
✓ C. 5
✗ D. 4

Q.54 সরল করুন।

$(14pq + 7q)^2 - (14pq - 7q)^2$

Ans
✗ A. $196p^2q^2$
✗ B. $392p^2q$
✗ C. $196pq^2$
✓ D. $392pq^2$

Q.55 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।
সংখ্যা/ চিহ্ন 2 @ 9 5 $ & 3 % 7 # 4 8 1 6
সংকেত TF AJ LE WQ PD BURS
শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদানগুলো বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন হয়, তবে চতুর্থ উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
8952$

Ans
✗ A. UAATQ
✓ B. UAATL
✗ C. UAJAL
✗ D. UAJTL

Q.56 N, Q, K, L, T, P এবং V এর প্রত্যেকে একই সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে রবিবার পর্যন্ত চলে। কেবল দুজনের পরীক্ষা রয়েছে N এর পরে। কেবল তিনজনের পরীক্ষা রয়েছে L এবং N এর মাঝে। T এর পরীক্ষা P এর ঠিক পরে কিন্তু N এর আগে। রবিবার Q এর পরীক্ষা নেই। P এর পরে V এর পরীক্ষা নেই। Q এর ঠিক পরে কার পরীক্ষা আছে?

Ans
✓ A. K
✗ B. N
✗ C. P
✗ D. V

Q.57 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, MLMN একটি নির্দিষ্ট পদ্ধতিতে POPQ এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে JIJK সম্পর্কিত MLMN এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে WVWX নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
✗ A. ZXYA
✗ B. ZYYA
✓ C. ZYZA
✗ D. ZZYZ

blackbook

Q.58 PIGEON শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✔ A. এক
- ✘ B. তিন
- ✘ C. শূন্য
- ✘ D. দুই

Q.59 সাতটি বাক্স A, B, C, D, G, H এবং I কে একে অপরের উপরে রাখা হয়েছে কিন্তু এই ক্রমেই রাখা হয়েছে এমনটা আবশ্যক নয়।
A কে C এর ঠিক উপরে রাখা হয়েছে। G কে I এর ঠিক উপরে রাখা হয়েছে। শুধুমাত্র D কে H এর উপরে রাখা হয়েছে। A এর উপরে কেবল দুটি বাক্স রাখা হয়েছে। G কে নিচ থেকে তৃতীয় অবস্থানে রাখা হয়নি।
B এবং D এর মাঝে কতগুলি বাক্সকে রাখা হয়েছে?

Ans
- ✘ A. এক
- ✘ B. চার
- ✔ C. তিন
- ✘ D. দুই

Q.60 একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 7:12:14 এবং পরিসীমা 264 মিটার হলে, এর ক্ষেত্রফল নির্ণয় করুন।

Ans
- ✘ A. $24\sqrt{1005}\ \text{m}^2$
- ✘ B. $41\sqrt{2684}\ \text{m}^2$
- ✘ C. $32\sqrt{1956}\ \text{m}^2$
- ✔ D. $48\sqrt{3135}\ \text{m}^2$

Q.61 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) A F I E G M L A X F I E Q R T J I L U E Y H (ডানদিক)
এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি স্বরবর্ণ (vowel) আছে এবং ঠিক পরেও একটি স্বরবর্ণ আছে?

Ans
- ✔ A. 2
- ✘ B. 3
- ✘ C. 1
- ✘ D. 4

Q.62 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
4 9 15 22 30 ?

Ans
- ✔ A. 39
- ✘ B. 37
- ✘ C. 38
- ✘ D. 40

Q.63 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✔ A. WT–UU
- ✘ B. JG–IF
- ✘ C. FC–EB
- ✘ D. MJ–LI

Q.64 একটি পিঁপড়ে খাদ্যের উৎসের দিকে এগিয়ে যাচ্ছে। সে মোট দূরত্বের 40% অংশ 60 ফুট/ঘণ্টা গতিবেগে এবং অবশিষ্ট 60% অংশ 90 ফুট/ঘণ্টা গতিবেগে অতিক্রম করে। সম্পূর্ণ যাত্রাপথে পিঁপড়েটির গড় গতিবেগ কত?

Ans

✗ A. 76 ফুট/ঘণ্টা

✗ B. 74 ফুট/ঘণ্টা

✓ C. 75 ফুট/ঘণ্টা

✗ D. 77 ফুট/ঘণ্টা

Q.65 নিচের কোন গঠনগত বৈশিষ্ট্যটি উদ্ভিদকে দৃঢ় ও সোজা থাকতে সহায়তা করে?

Ans

✓ A. কোশপ্রাচীরের উপস্থিতি

✗ B. প্যারেনকাইমা কলা

✗ C. নমনীয় পর্দা

✗ D. স্বচ্ছ সাইটোপ্লাজম

Q.66 নিম্নলিখিত কোন সংখ্যাটি 33 এবং 46 উভয় দ্বারাই বিভাজ্য?

Ans

✗ A. 83018

✗ B. 83947

✗ C. 82369

✓ D. 81972

Q.67 সাতজন ব্যক্তি, A, B, C, D, E, F এবং G উত্তর দিকে মুখ করে একটি সারিতে বসে আছে। F এর ডানদিকে মাত্র চারজন বসেছে। D ও F এর মাঝখানে মাত্র দু'জন বসেছে। G বসেছে A ও D উভয়ের ঠিক পাশে। C বসেছে E এর ঠিক ডানদিকে। B ও C এর মাঝখানে কতজন বসেছে?

Ans

✗ A. তিনজন

✗ B. দুইজন

✓ C. চারজন

✗ D. পাঁচজন

Q.68 সাতজন ব্যক্তি A, B, C, I, J, K এবং L উত্তরদিকে মুখ করে একটি সারিতে বসে আছে। কেবল B বসে আছে J এর বামদিকে। কেবল চারজন ব্যক্তি বসে আছে B এবং A এর মাঝে। কেবল C বসে আছে I এবং K এর মাঝে এবং I এর ঠিক পাশে A বসেনি। সারিটির একেবারে ডানপ্রান্তে কে বসে আছে?

Ans

✓ A. L

✗ B. I

✗ C. C

✗ D. A

Q.69 একটি পরিবার ₹80 প্রতি kg দরে 4 kg তেল এবং ₹60 প্রতি kg দরে 6 kg তেল কেনে। তেলটির প্রতি কেজির ভারযুক্ত গড় মূল্য কত?

Ans

✗ A. ₹88

✓ B. ₹68

✗ C. ₹58

✗ D. ₹78

Q.70 A এবং B একটি ব্যবসা শুরু করে। যেখানে B এর বিনিয়োগ ₹1,80,000 হয়। বছর শেষে মোট লাভ ₹95,000 হয় এবং সেই লাভে A এর অংশ ₹20,000 হয়। ব্যবসায় A এর বিনিয়োগ নির্ণয় করুন।

Ans

✗ A. ₹44,000

✓ B. ₹48,000

✗ C. ₹46,000

✗ D. ₹42,000

black

Q.71 উল্টানো শঙ্কু আকৃতির একটি পাত্রের ব্যাসার্ধ 18 cm হয়। পাত্রটি আংশিকভাবে তেলপূর্ণ এবং পাত্রটির নিচের দিকে শঙ্কুটির অগ্রভাগে থাকা একটি ছিদ্র দিয়ে প্রতি 45 মিনিটে 1 cm^3 হারে তেল বেরিয়ে যাচ্ছে। প্রাথমিকভাবে তেলের স্তর পাত্রটির উপর থেকে 6 cm নিচে ছিল এবং তেলের পৃষ্ঠতলের ক্ষেত্রফল 196π cm^2 ছিল। পাত্রটি সম্পূর্ণ খালি হতে কত সময় (ঘণ্টায়) লাগবে?

Ans
- ✗ A. 1290π
- ✓ B. 1029π
- ✗ C. 1209π
- ✗ D. 1092π

Q.72 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ 'x' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '-' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?
4 B 5 D 44 A 4 C 7 = ?

Ans
- ✗ A. 13
- ✓ B. 16
- ✗ C. 21
- ✗ D. 18

Q.73 একটি বন্যপ্রাণী সংরক্ষণ এলাকার বনাঞ্চল পরপর দুই বছর বার্ষিক 5% হারে বৃদ্ধি পায় এবং এরপর তৃতীয় বছরে দাবানলের কারণে 10% হ্রাস পায়। যদি বর্তমানে বনাঞ্চলের ক্ষেত্রফল 99,225 হেক্টর হয়, তবে এই পরিবর্তনগুলোর আগে বনাঞ্চলের মূল ক্ষেত্রফল (হেক্টরে) কত ছিল?

Ans
- ✗ A. 1,10,250
- ✗ B. 99,750
- ✓ C. 1,00,000
- ✗ D. 99,000

Q.74 নিচের কোনটি মাটি থেকে মূলে প্রাথমিকভাবে জলের প্রবেশ ঘটায়?

Ans
- ✓ A. মূলজ কোশ দ্বারা আয়নের সক্রিয় শোষণ
- ✗ B. পাতা থেকে পরিবহন
- ✗ C. অভিকর্ষ বলের প্রভাবে জলের নিম্নমুখী টান
- ✗ D. খনিজ লবণের নিষ্ক্রিয় শোষণ

Q.75 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন	7	8	#	!	6	%	$	@	3	9
সংকেত	I	Z	G	N	R	K	S	X	W	M

শর্তাবলি:
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
7 8 # ! 6

Ans
- ✗ A. IZG©R
- ✗ B. ISGNR
- ✗ C. IZGN©
- ✓ D. IZG©©

blackbook